






প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: মাগুরা

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: ০৩ টি (জুলাই ২০২৩ পর্যন্ত)

ক্রম	প্রত্নস্থল / পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	
১.	রাজা সীতারাম রায়ের বিগ্রহ বাটা, দশভূজা, কৃষ্ণ মন্দির, দোল মঞ্চ, পুকুর ও কাছারী বাড়ি		মহাম্মদপুর পূর্ব নারায়ণপুর	২৩°২৪'১৬.৬" উ ৮৯°৩৫'৪৪.৫" পূ.	বাংলাদেশ গেজেট ১৫ এপ্রিল, ২০১০	খ্রিস্টীয় ১৮ শতকের দিকে ভূষণার সুবিখ্যাত জমিদার সীতারাম রায় কর্তৃক এ স্থানের কীর্তিসমূহ নির্মিত হয়। সীতারাম রায়ের কীর্তিসমূহের মধ্যে সীতারাম রায়ের বিগ্রহ বাটা, দশভূজা, কৃষ্ণ মন্দির, দোল মঞ্চ, পুকুর ও কাছারী বাড়ি উল্লেখযোগ্য। এ কীর্তিসমূহে মোগল স্থাপত্য শৈলীতে নির্মিত পাতলা ইট, টালি ইট ও চুন সুরকির গাঁথুনি রয়েছে।
২.	ভাত-ভিটা টিবি		মাগুরা সদর গ্রাম: টিলা	২৩°২৩'১৯.২" উ. ৮৯°২২'১০.২" পূ.	প্রজ্ঞাপন: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ১০ মে, ২০০৪ নং-সবিম/শা: ৬/ঐ-১এ- ২৯/৯০/২৮০, তারিখ: ১০-০৫- ২০০৪খ্রি:	ভাতভিটা টিবিটি পার্শ্ববর্তী সমতল ভূমি হতে বেশ উঁচু। স্থানের নামকরণ টিলা হতে অনুমান করা যায় প্রত্নস্থানটির এরূপ ভূমিরূপের কারণেই হয়তো হয়ে থাকবে। প্রত্নতাত্ত্বিক খননে স্থাপত্যিক কাঠামো ও গুরুত্বপূর্ণ প্রত্নবস্তু উন্মোচিত হয়। উন্মোচিত স্থাপত্যিক কাঠামোটি খ্রিষ্টীয় ১ম - ২য় শতকের কোন স্থাপনা বলে প্রত্নতাত্ত্বিকগণের ধারণা।
৩.	কবি কাজী কাদের নেওয়াজ এর স্মৃতি ভবন		শ্রীপুর মুজদিয়া	২৩°৩৪'৫৪.৯" উ. ৮৯°২৪'০৬.৯" পূ.	বাংলাদেশ গেজেট ২ নভেম্বর, ২০১৭	দোতলাবিশিষ্ট এ ভবনে কবি কাজী কাদের নেওয়াজ বসবাস করতেন। ১৮৭৯ সালে এ বাড়িট মুজদিয়া জমিদার নগেন বাবু কর্তৃক নির্মিত হয়। কবি কাজী কাদের নেওয়াজ তাঁর চাকরীজীবন শেষ করে ১৯৬৬ সালে বিনিময়সূত্রে মালিকানা প্রাপ্ত হন। ভবনটিতে চুন সুড়কির গাঁথুনি ও লোহার কড়ি বর্গার ব্যবহার লক্ষ্য করা যায়।